



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ  
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮

১৯ আগস্ট ২০২৫

তারিখ: -----

০৪ ভাদ্র ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**Guidelines on Internal Credit Risk Rating System for Banks প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৬, তারিখ: ৩০ অক্টোবর ২০১৮ এর মাধ্যমে জারীকৃত "Guidelines on Internal Credit Risk Rating System for Banks" ও এতদসংশ্লিষ্ট বিআরপিডি সার্কুলার লেটার নং-১২, তারিখ: ২০ জুন ২০১৯; বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪, তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২১ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৬০, তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। ব্যবসায়িক কার্যক্রম গতিশীল রাখার উদ্দেশ্যে ব্যাংকিং খাত হতে প্রয়োজনীয় ঋণ/বিনিয়োগ সুবিধা অব্যাহত রাখার নিমিত্ত ব্যাংকের ঋণ/বিনিয়োগ গ্রহীতাদের বর্তমান আর্থিক অবস্থা বিবেচনায় নিয়ে বিদ্যমান Internal Credit Risk Rating System (ICRRS) for Banks গাইডলাইন্স অনুযায়ী ঋণ/বিনিয়োগ গ্রহীতার ICRR 'Unacceptable' হলে ব্যাংকের পরিচালনা পর্ষদ স্বীয় বিবেচনায় ঋণ/বিনিয়োগ অনুমোদন, নবায়ন, ঋণ/বিনিয়োগ সীমা বর্ধিতকরণ ও হ্রাসকরণের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে:

- ক. ব্যাংকসমূহের নিজস্ব অভ্যন্তরীণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালার আওতায় অধিকতর ডিউ ডিলিজেন্স (Enhanced Due Diligence) পরিপালন করতে হবে;
- খ. ঋণ/বিনিয়োগ ঝুঁকি সঠিকভাবে চিহ্নিতকরণ, নিরূপণ এবং হ্রাসকরণ তথা যথাযথভাবে ঋণ/বিনিয়োগ ঝুঁকি ব্যবস্থাপনার লক্ষ্যে গ্রাহকের নগদ প্রবাহসহ আর্থিক সক্ষমতা, পর্যাপ্ত জামানত সংরক্ষণ ইত্যাদি যথাযথভাবে বিবেচনায় আনতে হবে এবং এর পাশাপাশি ব্যাংকের মনিটরিং জোরদার করতে হবে;
- গ. সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদের আরোপিত শর্তাবলী মঞ্জুরিকৃত ঋণ/বিনিয়োগ ছাড়করণের পূর্বে গ্রাহক কর্তৃক যথাযথভাবে পরিপালনের বিষয়টি ব্যাংককে নিশ্চিত করতে হবে; এবং
- ঘ. এ ধরনের ঋণ/বিনিয়োগ অনুমোদনের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক সম্পাদিত ঋণ/বিনিয়োগ ঝুঁকি মূল্যায়নে যেসব Quantitative ও Qualitative সূচক বিবেচনা করা হয়েছে তা ব্যাংকের নিজস্ব মূল্যায়ন প্রতিবেদনে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। এ ধরনের ঋণ/বিনিয়োগের একটি পৃথক তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে বিআরপিডি (ডিভিশন-২)-তে প্রেরণ করতে হবে এবং উক্ত তালিকা পরিদর্শন/নিরীক্ষার স্বার্থে ব্যাংককে সংরক্ষণ করতে হবে।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলা উদ্দিন)  
পরিচালক (বিআরপিডি)  
ফোন: ৯৫৩০০৯৫